

# মনোভূমি

ISSN - 2231-6515
পঞ্চম বর্ষ ঃ পঞ্চম সংখ্যা
জানুয়ারী - ২০১৫

## অমিয়ভূষণ বিশেষ সংখ্যা





অমিয়ভূষণ মজুমদার

সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক বিশেষজ্ঞ শংসিত পত্রিকা

# মনোভূমি

ISSN-2231-6515

পঞ্চম বর্ষ : পঞ্চম সংখ্যা : ২০১৫

# মনোভূমি

ISSN-2231-6515
( PEER REVIEWED JOURNAL )

**উপদেষ্টা মন্ডলী :**

ড. প্রদ্যোত ঘোষ .
মহেশ্বর ভট্টাচার্য
ড. বিকাশ রায়
আদিত্যকুমার লালা

**সম্পাদক ও প্রকাশক :**

ড. অমরচন্দ্র কর্মকার
ড. [illegible], মালদা (প.ব)
ফো- ৯৬৪১৩০২৭৭৭

**প্রচ্ছদ :**

পূর্ণেন্দু মন্ডল

**শুভানুধ্যায়ী :**

সুব্রত চক্রবর্তী, ড. প্রণবকুমার ভট্টাচার্য, সদানন্দ বেরা, পূর্ণেন্দু মন্ডল, ইন্‌তেখাব আলম, লিয়াকত আলি সরকার, বিপ্লব-কুমার সরকার, কাঞ্চনকুমার দে, ছহির আলি মিঞা, রঞ্জিত বর্মন, পরিমলচন্দ্র দাস, নারায়ণচন্দ্র সাউ, রিপন সরকার, ড. ফাল্গুনী ভট্টাচার্য, ড. মলয়কুমার পাল, উজ্জ্বল রায়, তপনকুমার বিশ্বাস, অনূপ মন্ডল, পরশুরাম রজক, সাহাজান আলি

**অক্ষর বিন্যাস :**

সৃজনী, প্রযত্নে - সুজিতকুমার মিশ্র, মকদুমপুর, মালদা

**মুদ্রণ :**

বিভূতি প্রিন্টিং ওয়ার্কস, ৩১/১এ, নবীনচাঁদ বড়াল লেন, কলকাতা-১২

**প্রাপ্তিস্থান :**

পাতিরাম বুক স্টল
কলেজ স্ট্রীট
কলকাতা

মালদা বুক ফ্রেন্ড
১/৪ অতুলচন্দ্র মার্কেট
মালদা

বীণাপাণি বুক হাউস
মালদা কলেজ গেট
মালদা

**বিনিময় :** ৮০ টাকা

# সূচি


| | | |
|---|---|---|
| অমিয়ভূষণের আখ্যানবিশ্ব | *তপোধীর ভট্টাচার্য* | ৭ |
| ভেঙে গড়া, গড়ে ভাঙা, ভেঙে গড়া...।। গড় শ্রীখন্ড | *ড. নন্দিনী বন্দ্যোপাধ্যায়* | ২৪ |
| সমাজভাষার কুশলী রূপকার অমিয়ভূষণ : প্রসঙ্গ 'গড় শ্রীখন্ড' | *সুব্রত চক্রবর্ত্তী* | ৩৪ |
| 'মহিষকুড়ার উপকথা' : একটি পৃথকপথগামী উপন্যাস | *ড. ফাল্গুনী ভট্টাচার্য* | ৪৪ |
| বহমান জীবনের চলিষ্ণু চিত্রমালা 'মধু সাধুখাঁ' | *ড. প্রণবকুমার ভট্টাচার্য* | ৫৫ |
| অমিয়ভূষণ মজুমদার-এর 'রাজনগর': একটি বিশেষ পাঠ | *ড. তুষার পটুয়া* | ৬৪ |
| অমিয়ভূষণের উপন্যাসে ইতিহাস, সমাজ ও নারী : 'বিনদনি' ও 'মাকচক হরিণের' নিরিখে | *ড. দেবাশিস্ ভট্টাচার্য ও ড. অর্জুনচন্দ্র দেবনাথ* | ৭২ |
| অমিয়ভূষণের নির্বাস : অনিকেত যাত্রীর নিরুদ্দেশ যাত্রা | *ড: হেনা সিন্‌হা* | ৮৩ |
| অমিয়ভূষণের চাঁদবেনে : মঙ্গলকাব্যের অন্যপাঠ | *ড. রজতকিশোর দে* | ৮৯ |
| জীবনের নানা রঙ্ : অমিয়ভূষণের গল্প | *ড. মৃদুল ঘোষ* | ৯৭ |
| 'কথাসাহিত্যিক' অমিয়ভূষণের নাটক | *ড. মলয় কুমার পাল* | ১০৫ |
| অমিয়ভূষণ মজুমদারের জীবনপঞ্জি ও তাঁর সম্পর্কিত আলোচনার পত্র-পত্রিকাপঞ্জি | *সন্দীপ দত্ত* | ১১৭ |


## *গৌড়কথা*


| | | |
|---|---|---|
| প্রাচীন গৌড়দেশে সংস্কৃত ভাষায় জ্ঞানচর্চার নানাদিক | *আদিত্যকুমার লালা* | ১৩৪ |
| গঙ্গা-মহানন্দার দোয়াব অঞ্চলের নদী পরম্পরা | *ড. অমরচন্দ্র কর্মকার* | ১৫০ |

# সম্পাদকীয়

আধুনিক বাংলা সাহিত্যের অনন্য সাধারণ কথাসাহিত্যিক অমিয়ভূষণ মজুমদার নিজের জীবন নিয়ে সব সময় অসন্তুষ্ট থেকেছেন। জীবনে কোনো তৃপ্তি খুঁজে পাননি তিনি। জীবন তাকে জাগিয়ে রাখলেও জাগতে তার ভালো লাগেনি কোনোদিনও। জেগে থাকা তার কাছে বড় হওয়া নয়, প্রতিমুহূর্তে খাটো হওয়ার সোপান। তাই জীবন থেকে পরিত্রাণ চেয়েছিলেন তিনি, গড়ে তুলতে চেয়েছিলেন একান্ত নিজের একটি পৃথিবী।

অমিয়ভূষণের জন্ম ২২ মার্চ, ১৯১৮ এবং মৃত্যু ৮ জুলাই, ২০০১ খ্রিষ্টাব্দে। বাবা- ঠাকুরদা পাবনা জেলার পাকুড়িয়ার বাসিন্দা হলেও তার জন্ম ও বড় হওয়া কোচবিহার শহরে মামার বাড়িতে। উত্তরবঙ্গের এই মফস্‌সল শহরে থেকেই অপরিসীম সৃজন ক্ষমতার পরিচয় দিয়েছেন তিনি। ডাক বিভাগের বদলির চাকরির জন্য বা নিজের ঐকান্তিক আগ্রহের জন্য কিংবা দুয়েরই জন্য জীবনকে নিবিড়ভাবে দেখেছিলেন তিনি। কোনো প্রতিদ্বন্দ্বিতা বা কারো অনুসরণ-অনুকরণ নয় তীব্র অসন্তুষ্টির বিস্ময়-বিমূঢ়তা থেকে মুক্তি পেতে রচনা করেন একের পর এক গল্প-উপন্যাস। দে'জ সংস্করণে (দশ খণ্ড) তার তেইশটি উপন্যাস, এক'শ নয়টি ছোটগল্প, পাঁচটি নাটক এবং কিছু প্রবন্ধ পাই আমরা। প্রকৃতপক্ষে তার রচিত উপন্যাসের সংখ্যা সাতাশ এবং ছোটগল্প এক'শ চোদ্দটি। অতিরিক্ত উপন্যাস গুলি 'সুরাকসিন' (এষা, ১৯৬৬-৭০), 'তসিলার মেয়র' (বারোমাস : ১৩৮০-৮২), 'উত্তরপুরুষ' (উত্তরবঙ্গ সংবাদ, শারদ সংখ্যা, ১৩৯৪) এবং 'অতি বিরল প্রজাতি' (দৈনিক বসুমতী, শারদ সংখ্যা, ২০০০)।

বিদেশী সাহিত্যের একনিষ্ঠ পাঠক, দেশীয় ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল অমিয়ভূষণ স্থান-কালের অন্তহীন পরিসর থেকে কয়েক গণ্ডুষ তুলে পাঠককে যে মননবিশ্ব উপহার দিয়েছেন তার অধিকাংশের মহাকাব্যিক ব্যাপকতা ও বহুমাত্রিক কৌণিকতা বিস্ময়কর। জীবন একদিকে উচ্চ-মধ্য-নিম্নের নানা স্তরে যেমন সাজানো, অন্যদিকে হরেক রকম অভিঘাতে সময়ের সঙ্গে সঙ্গে তা ক্রমাগত পাল্টে যায়। অমিয়ভূষণ দক্ষ কারিগরের মতো ঐতিহ্য ও সাম্প্রতিকের দ্বান্দ্বিকতায় এই জীবনেরই ছবি এঁকেছেন। পৃথিবীর বৃহত্তর গণতন্ত্র, ডান-বাম-অতিবাম মতাদর্শ, আদর্শহীনতা, ক্ষমতার রাজনীতি, দুর্বৃত্তায়ন, মধুলোভী বিদ্বজন, সাম্প্রদায়িকতা, সস্তা জনপ্রিয়তা, সিঙ্গুর, নন্দীগ্রাম, পাড়ুই, কামদুনি, খাগরাগড়, সারদা, হোক কলরব, ধর্ষণ, নারী নির্যাতন প্রভৃতিতে হতবাক মানুষের দীর্ঘশ্বাস এরপরে কী? অনবরত ভেঙে যাওয়া, নাকি ভাঙার মধ্যে গড়ে ওঠা। সমাজ, জীবনকে ঘিরে এরকমই অজস্র প্রশ্নবান। জীবনে এই ভাঙাগড়া বুঝতে অমিয়ভূষণ আমাদের সহায়ক হবে আশা করি। অনিচ্ছা সত্ত্বেও সংখ্যাটি প্রকাশে দেরি হয়েছে। আশাকরি, পাঠক লিটল্ ম্যাগাজিনের প্রতিবন্ধকতা অনুভব করবেন। নমস্কার।